

5

টি বিষয় যা আপনাকে জানতেই হবে

বৈষম্যমূলক

হয়রানি সম্পর্কে

নিউইয়র্কের মানবাধিকার আইনের (NYC Human Rights Law) অধীনস্থ

আপনার জাতি ও ধর্মের জন্য আপনার এলাকায় আক্রান্ত হয়েছেন?

রূপান্তরকামী হওয়ার কারণে হয়রানির শিকার হয়েছেন?

আপনার পরিবার ভিন্ন ভাষায় কথা বলার জন্য আপনাকে লোকের কাছে কথা শুনতে হয়েছে?

বৈষম্যমূলক হয়রানি হল হুমকি, ভয় দেখানো, হয়রানি, বলপ্রয়োগ বা সহিংসতা যা:

- যা কোনো ব্যক্তির নাগরিক বা সাংবিধানিক অধিকারে হস্তক্ষেপ করে; এবং
- কোনো ব্যক্তির প্রকৃত বা অনুভূত জাতি, ধর্মবিশ্বাস, বর্ণ, জাতীয় উৎপত্তি, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখ, বয়স, প্রতিবন্ধী বা পারক্য (এলিয়ানেজ) বা নাগরিকত্ব স্থিতি বা অন্যান্য সুরক্ষিত স্থিতিকে প্রভাবিত করে।

- 1** **বৈষম্যমূলক হয়রানির বিষয়ে রিপোর্ট করা সহজ।** কমিশনের কাছে বৈষম্যমূলক আচরণের বিষয়ে রিপোর্ট করার সময় আপনাকে কমিশনে ফোন করে কি হয়েছে তা জানাতে হবে। আমরা সেখান থেকে আপনাকে নির্দেশ দেব।
- 2** **NYC তে প্রত্যেকেই বৈষম্যমূলক হয়রানি করা থেকে নিষিদ্ধ,** কারণ প্রত্যেকেই হয়রানি থেকে সুরক্ষিত। আপনার যে প্রতিবেশী আপনাকে হয়রানি করেছে, রাস্তায় যে আপনাকে আক্রমণ করছে অথবা বাসে যে সহযাত্রী আপনাকে আক্রমণ করছে তারা প্রত্যেকেই বৈষম্যমূলক আচরণ করার ক্ষেত্রে নিষিদ্ধ। এছাড়া, আপনাকে যে ব্যক্তি আক্রমণ করেছেন তার হয়রানি করার একাধিক কারণ থাকতে পারে, বৈষম্যমূলক আচরণ নিষিদ্ধ এমনকি তিনি আক্রান্ত সুরক্ষিত বিভাগের দ্বারা আংশিকভাবে প্রভাবিত না হলেও।
- 3** **আপনাকে সবসময় বৈষম্যমূলক আচরণের বিষয়ে জানাতে হবে, এমনকি আপনি অজ্ঞাতনামা থাকতে চাইলেও।** এই ধরনের ঘটনা যাতে আর না ঘটে তা প্রতিরোধ করার জন্য কমিশন আপনার এলাকার কমিউনিটি সদস্যদের সঙ্গে কাজ করবে।
- 4** যখন আপনি কোনো অপরাধীর বিরুদ্ধে ক্লেইম আনবেন তখন আর কোনও আপত্তিজনক বা হয়রানির নেতিবাচক প্রভাব রোধ করতে **কমিশন বৈষম্যমূলক হয়রানি থামানোর জন্য আদেশ পাবে।**
- 5** **কমিশন আপনার প্রতি আচরণকারীকে বৈষম্যমূলক আচরণের জন্য হওয়া ক্ষতি বাবদ সরাসরি অর্থপ্রদান করার আদেশ দিতে পারে** এবং মানসিক ক্ষতির জন্য ক্ষতিপূরণ দিতে বলতে পারে। এছাড়াও কমিশন হয়রানিমূলক আচরণকারীকে নাগরিক জরিমানা প্রদান করতে আদেশ দিতে পারে।

NYC তে হয়রানিমূলক আচরণ বরদাস্ত করা হয় না।

যদি অন্য কোনো ব্যক্তি আপনাকে হুমকি দেয়, হয়রানি করে বা ভয় দেখায় অথবা আপনাকে আপনার সুরক্ষিত স্থিতি যেমন জাতি, বর্ণ, ধর্ম/ধর্মবিশ্বাস, জাতীয় উৎপত্তি, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, প্রতিবন্ধী, যৌন অভিমুখ বা অভিবাসন স্থিতির কারণে সহিংসতা বা বলপ্রয়োগ করে তাহলে অনুগ্রহ করে 212-416-0197 নম্বরে ফোন করুন এবং NYC মানবাধিকার কমিশনকে জানান। NYC মানবাধিকার আইনের দ্বারা এইসব কাজ করা নিষিদ্ধ।



@NYCCHR

NYC.gov/HumanRights

NYC

মানবাধিকার
কমিশন